



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ফোন - ৮৮-০২৪৭-৮৬০৫২২
৮৮-০২৪৭-৮৬০৫১৬
৮৮-০২৪৭-৮৬০৫১১
E-mail- dgmcd1@rakub.org.bd

প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৫/২০১৭

তারিখঃ ২০-০৮-২০১৭

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছর (২০১৮-২০১৯ কর বছর)-এর কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের আয়কর নিরূপণ, কর্তন ও ক্রেডিট এ্যাডভাইস প্রেরণ প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। প্রতি বছরের ন্যায় ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ২০১৭-২০১৮ অর্থবছর (২০১৮-২০১৯ কর বছর)-এর জন্য ব্যাংকের সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের উপর নিজ তহবিল হতে আয়কর প্রদান করতে হবে। ২০১৭-২০১৮ অর্থবছরে করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণকে নিজ তহবিল হতে আয়কর প্রদানের ক্ষেত্রে অত্র বিভাগের ০৯-০৭-২০১৭ তারিখের পরিপত্র নং-০৩/২০১৭ যথাযথভাবে অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ০২ নং অনুচ্ছেদের মর্মানুযায়ী “একজন সরকারি কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন (basic salary), উৎসবভাতা এবং বোনাস/এক্সগ্রেসিয়া “করযোগ্য আয়” হিসেবে বিবেচিত হবে। অন্য সকল প্রকার ভাতা ও সুবিধাদি যেমন, বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, শ্রান্তি বিনোদন ভাতা, নববর্ষ ভাতা ইত্যাদি করমুক্ত থাকবে। এখানে উল্লেখ্য যে, একজন করদাতার মোট আয়ের সর্বোচ্চ ২৫% অনুমোদনযোগ্য বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে।

০৩। উপরোক্ত নির্দেশনা মোতাবেক ২০১৭-২০১৮ অর্থবছরের কর নিরূপণপূর্বক আগস্ট/২০১৭ হতে জুন/২০১৮ মাসের মধ্যে সমান ১১ (এগার) কিস্তিতে সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের আয়কর আদায় করতে হবে। প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয় ও সকল শাখার বেতন প্রদানকারী কর্তৃপক্ষ কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বেতন আয়ের উপর প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন হতে মাসিক ভিত্তিতে বাধ্যতামূলকভাবে কর্তন নিশ্চিত করবেন এবং কর্তনকৃত অর্থের সংকলিত বিবরণী এবং ক্রেডিট এ্যাডভাইস প্রতি মাসের শেষ কর্মদিবসে জোনাল কার্যালয়ের মাধ্যমে এবং স্থানীয় মুখ্য কার্যালয় ও ঢাকা শাখা আদায়কৃত অর্থের সংকলিত বিবরণী এবং ক্রেডিট এ্যাডভাইসও প্রতি মাসের শেষ কর্মদিবসে সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। বেতনপ্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণকে বেতন প্রদানকালে কর কর্তন না করার কারণে আয়কর কর্তৃপক্ষ কর্তৃক যেকোন জরিমানা আরোপিত হলে বেতনপ্রদানকারী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট করদাতা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। এখানে উল্লেখ্য যে, অত্র ব্যাংকের সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের প্রতি মাসের আয়করের অর্থ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা করতে হয়। সে কারণে কোন করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর বেতন হতে আয়কর কর্তন করা না হলে সংশ্লিষ্ট বেতন প্রদানকারী কর্তৃপক্ষের নামে ঐ শাখার সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের প্রদেয় আয়করের সমপরিমাণ অর্থের ডেবিট এ্যাডভাইস ইস্যু করার জন্য সকল জোনাল ব্যবস্থাপকগণকে অনুরোধ করা হলো।

০৪। ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট ঘোষণায় আয়কর সংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্তন হলে সে মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। উপরে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৫। আয়কর বিষয়ে নতুন কোন তথ্য জানার প্রয়োজন হলে স্থানীয় আয়কর অফিস অথবা কেহিবি-১ এর সাথে সরাসরি যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।



(অশোক কুমার আচার্য)
উপমহাব্যবস্থাপক

স্মারক নং- প্রকা/কেহিবি-১/৩০(১৬)/২০১৭-২০১৮/১৩৪৬(৫০০)

তারিখঃ ২০-০৮-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৪। সচিব/সকল উপমহাব্যবস্থাপক/সকল বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
- ৫। উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/ রংপুর।
- ৬। উপমহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ এল.পি.ও, রাজশাহী।
- ৭। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। জোনভুক্ত সকল শাখায় পত্রের কপি সরবরাহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। পরিচালক, এসইসিপি, রাকাব, রাজশাহী।
- ৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। মেসার্স মসিহ মুহিত হক এন্ড কোং, আয়কর উপদেষ্টা, ইউটিসি বিল্ডিং, লেভেল-১৩, ৮ পাছপথ, ঢাকা।
- ১২। অফিস নথি/ মহানথি।


(মাসুদ রানা মাহতাব)
কর্মকর্তা